

সংবাদ বিজ্ঞপ্তি

নোবিপ্রবিতে কার্বন রিসাইক্লিং বিষয়ক সেমিনার অনুষ্ঠিত

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) শিক্ষক ও শিক্ষার্থীদের অংশগ্রহণে 'সেমিনার অন কার্বন রিসাইক্লিং এ পাথওয়ে টুওয়ার্ড এ গ্রিনার এনার্জি ল্যান্ডস্কেপ' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। আজ বৃহস্পতিবার (০২ জানুয়ারি ২০২৫) নোবিপ্রবি ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) আয়োজনে এ সেমিনার অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।

সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য বলেন, শক্তি ছাড়া মানুষ একটি দিনও বাঁচতে পারে না। যখন আমরা শক্তি ব্যবহার করি এবং শক্তি উৎপাদন করি তখন কিছু দূষণ তৈরী হয় এবং পরিবেশগত সমস্যা তৈরী হয়। পরিবেশগত সমস্যার সমাধানে আজকের এই সেমিনার গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে মনে করি। আমি সাধুবাদ জানাই এ সমস্যা নিরসনে উদ্ভাবিত প্রযুক্তি জ্ঞানকে। যদি এ প্রযুক্তিকে উন্নত দেশ থেকে আমাদের মতো উন্নয়নশীল দেশে স্থানান্তর করা সম্ভব হয় এবং আমরা যদি উন্নত দেশগুলো এবং জাইকার সঙ্গে কোলাবোরেশন করতে পারি তাহলে তা আমাদের জন্য কল্যাণ বয়ে আনবে।

এসময় তিনি আরও বলেন, আমি বিশ্বাস করি গবেষণা ক্ষেত্রে এই সেমিনার একটি নতুন দ্বার উন্মোচন করবে। এখানে আমার প্রাণপ্রিয় ছাত্রছাত্রীরা আছে তারা তাদের একাডেমিক এক্সিলেন্স দিয়ে এগিয়ে যাবে এই কামনা করছি। সকলকে ধন্যবাদ।

আইকিউএসি পরিচালক অধ্যাপক ড. আসাদুন নবীর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ (মুরাদ)। প্রোগ্রাম মডারেটর ও আইকিউএসির অতিরিক্ত পরিচালক জি এম রাকিবুল ইসলামের সঞ্চালনায় সেমিনারে কী-নোট স্পীকার ছিলেন জাপানের সাগা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক শাহজাহান কুতুবী।

উল্লেখ্য, উক্ত সেমিনারে বিশ্ববিদ্যালয়ের মাইক্রোবায়োলজী, বায়োকেমিস্ট্রি এন্ড মলিকুলার বায়োলজি, এপ্লায়েড কেমিস্ট্রি এন্ড কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং, রসায়ন, ফার্মেসী, বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং, পরিবেশ বিজ্ঞান ও দুর্যোগ ব্যবস্থাপনা এবং মৃত্তিকা, পানি ও পরিবেশ বিজ্ঞান বিভাগের চেয়ারম্যান, শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ অংশগ্রহণ করেন।

ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা ০১৭৩৩৯৯৮৮৯৪